AME(114)
22-01-2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা

**নভেম্বর ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৭ ডিসেম্বর ২০২৪
সময় : সকাল: ১০.০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-৮২১)
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নের বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>২৪ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>**(ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>(১) উপসচিব (প্রশাসন) জানান যে, ১৩-২০তম গ্রেডের ৩৫টি শূন্যপদ পূরণের নিমিত্ত চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণের অনুকূলে নিয়োগপত্র প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত পাওয়া গিয়েছে। মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশ প্রাপ্তদের সনদ যাচাইয়ের বিষয়ে শীঘ্রই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।<br>(২) শূন্যপদের সার্বিক বিষয় এবং পরবর্তী কার্যক্রম নিয়ে করণীয় বিষয়ে উদ্যোগ নেওয়ার জন্য সভাপতি অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে পরামর্শ প্রদান করেন। | (১) মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশ প্রাপ্তদের সনদ যাচাই-বাছাই ও নিয়োগ প্রদানের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>(২) শূন্যপদের সার্বিক বিষয় এবং পরবর্তী কার্যক্রম নিয়ে করণীয় বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **(খ) সওজ অধিদপ্তর:**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান,<br>(১) (ক)) বর্তমানে গ্রেড-১ হতে গ্রেড-২০ পর্যন্ত মোট শূন্য পদের সংখ্যা ৪২১৮টি। গ্রেড-২ ভুক্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিভিল) এর ৩টি, গ্রেড-৩ ভুক্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক) এর ১টি, গ্রেড-৪ ভুক্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) এর ৩টি, গ্রেড-৫ ভুক্ত নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর ৮টি, গ্রেড-৬ ভুক্ত উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) এর ১টি, গ্রেড-১০ ভুক্ত প্রশাসনিক অফিসার এর ৭টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণের প্রস্তাব মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। অন্যদিকে বিভিন্ন বিসিএসের মাধ্যমে গ্রেড-৯ ভুক্ত সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর সরাসরি নিয়োগযোগ্য ১০৯টি, গ্রেড-১০ ভুক্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর সরাসরি নিয়োগযোগ্য ৮১টি এবং নন-ক্যাডার গ্রেড-৯ ভুক্ত হিসাব রক্ষণ কর্মকর্তার ১টি, গ্রেড-৯ ভুক্ত সহকারী বৃক্ষপালনবিদ এর ১টি, টেবুলেশন পরিসংখ্যানবিদ এর ১টি, গ্রেড-১০ ভুক্ত সহকারী লাইব্রেরিয়ান এর ১টি, গ্রেড-১১ ভুক্ত আরবরিকালচার সেকশনাল অফিসার এর ৮টি, গ্রেড-১২ ভুক্ত সহকারী গবেষণা কর্মকর্তা ৬টি পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের প্রস্তাব মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া, গ্রেড-১৪ ভুক্ত সার্ভেয়ারের ৯টি, গ্রেড-১৫ ভুক্ত সিকিউরিটি সুপারভাইজারের ৪টি, গ্রেড-১৬ ভুক্ত কার্য্যসহকারীর ৫২টি, গ্রেড-১৬ ভুক্ত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ৬২টি, গ্রেড-১৬ ভুক্ত মেশিনিষ্ট এর ১৩টি, গ্রেড-১৬ ভুক্ত মেকানিক এর ১৩টি, গ্রেড-১৬ ভুক্ত কার্পেন্টারের ৮টি, গ্রেড-১৬ ভুক্ত পাম্প ড্রাইভারের ২৫টি, গ্রেড-১৬ ভুক্ত ম্যাশন এর ৫৯টি, গ্রেড-২০ ভুক্ত অফিস সহায়ক এর ৮৪টি, গ্রেড-২০ ভুক্ত ক্যাম্প গার্ড (নিরাপত্তা প্রহরী) এর ৬টি, গ্রেড-২০ ভুক্ত সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) এর ১০৭টি, গ্রেড-২০ ভুক্ত ম্যাশন হেলপার এর ৩৯টি, গ্রেড-২০ ভুক্ত চেইনম্যান ৩৩টি ও গ্রেড-২০ ভুক্ত সড়ক শ্রমিক এর ১৪টি শূন্য পদ পূরণের নিমিত্ত ছাড়পত্র চেয়ে মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সরাসরি নিয়োগযোগ্য পদসমূহে দ্রুত নিয়োগ প্রদানের কার্যক্রম গ্রহণ এবং পদোন্নতিযোগ্য পদসমূহে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি সওজ অধিদপ্তরের প্রতিনিধিকে পরামর্শ প্রদান করেন। একই সাথে জনবল বিষয়ে মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের মধ্যে যেগুলো পেন্ডিং রয়েছে তার তালিকা ও তথ্যাদি সরাসরি শাখা কর্মকর্তা বরাবর প্রেরণপূর্বক যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১)(ক) সরাসরি নিয়োগযোগ্য পদসমূহে দ্রুত নিয়োগ প্রদানের কার্যক্রম গ্রহণ এবং পদোন্নতিযোগ্য পদসমূহে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(১)(খ) জনবল বিষয়ে মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের মধ্যে যেগুলো পেন্ডিং রয়েছে তার তালিকা ও তথ্যাদি সরাসরি শাখা কর্মকর্তা বরাবর প্রেরণপূর্বক যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ উপসচিব (সওজ সংস্থাপন-১) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (২) উপসচিব (গেজেটেড সংস্থাপন-১) জানান যে, ৩ জন কর্মকর্তার গ্রেড-২ উন্নীত করার বিষয়ে দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৭.১০.২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়। প্রতিবেদন পাওয়ার পর জনপ্রশাসন মন্ত্রণালয়ে এ বিষয়ে প্রস্তাব প্রেরণ করা হবে।<br><br>(৩) উপসচিব (সওজ সংস্থাপন-২) জানান যে, ওয়ার্কচার্জড কর্মচারিদের পেনশন ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদান সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্তকরণের কার্যক্রম চলমান। | (২) দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সওজ অধিদপ্তরের ৩ জন কর্মকর্তার গ্রেড-২ এ উন্নীতকরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(৩) ওয়ার্কচার্জড কর্মচারিদের পেনশন ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদান সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্ত করতে হবে। | |
| | **(গ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, পরিচালক (অপারেশন) পদে সম্প্রতি ১ জন কর্মকর্তা যোগদান করেছেন। পরিচালক (অডিট) পদটি শূন্য রয়েছে। এছাড়া, প্রেষণে উপপরিচালক ৩টি পদে কর্মকর্তা পদায়নের জন্য গত ০৪.১১.২০২৪ তারিখে এ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে উপপরিচালক পদে ১ জন কর্মকর্তা ০৮.১২.২০২৪ তারিখে যোগদান করেছেন। ৯ম তদুর্ধ্ব গ্রেডের ২০টি পদ ও ১০ম গ্রেডের ৩০টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। নিয়োগের সুপারিশ পাওয়া যায়নি। বিপিএসসির সাথে যোগাযোগ হয়েছে, বাছাই প্রক্রিয়া চলমান আছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ১৯টি পদের মধ্যে ১৬জন কর্মরত আছেন। তন্মধ্যে ১৪জন নির্বাহী ম্যাজিস্ট্রেটকে ক্ষমতা প্রদান করা হয়েছে এবং ২জন নির্বাহী ম্যাজিস্ট্রেটকে ক্ষমতা অর্পণের জন্য এ বিভাগে পত্র দেওয়া হয়েছে। সরাসরি নিয়োগযোগ্য ১১-২০তম গ্রেডের পদসমূহে দ্রুত নিয়োগ কার্যক্রম গ্রহণ এবং পদোন্নতিযোগ্য পদে ও প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য চেয়ারম্যান, বিআরটিএকে সভাপতি পরামর্শ প্রদান করেন। একই সাথে জনবলসহ বিআরটিএ'র কি কি প্রস্তাব মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে তার তালিকা ও তথ্যাদি সরাসরি বিআরটিএ শাখা কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ১১-২০তম গ্রেডের শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২) প্রেষণ ও পদোন্নতিযোগ্য পদে কর্মকর্তা পদায়ন/পদোন্নতির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(৩) ৯ম তদুর্ধ্ব গ্রেডের ২০ টি পদ ও ১০ম গ্রেডে ৩০টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে বিপিএসসির সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(৪) জনবলসহ বিআরটিএ'র কি কি প্রস্তাব মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে তার তালিকা ও তথ্যাদি সরাসরি বিআরটিএ শাখা কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **(ঘ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)**<br>চেয়ারম্যান, বিআরটিসি অবহিত করেন যে, বিআরটিসি'র নিজস্ব আয়ের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারিদের বেতন-ভাতাদি পরিশোধ করতে হয়। তাই সক্ষমতা অনুযায়ী জনবল নিয়োগ দেয়া হয়ে থাকে। বিআরটিসিতে মোট ১৭৭৫টি পদ শূন্য রয়েছে। ১১ থেকে ২০তম গ্রেডের ২৩০টি শূন্য পদের প্রাপ্ত ছাড়পত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। সক্ষমতা বিবেচনায় শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য চেয়ারম্যান, বিআরটিসিকে পরামর্শ প্রদান করা হয়। একই সাথে বিআরটিসি'র কি কি প্রস্তাব মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে তার তালিকা ও পত্রাদি সরাসরি শাখা কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ছাড়পত্র গ্রহণপূর্বক শূন্য পদসমূহে নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২) বিআরটিসি এর কি কি প্রস্তাব মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে তার তালিকা ও পত্রাদি সরাসরি শাখা কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/যুগ্মসচিব (প্রশাসন) |
| | **(ঙ) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**<br>নির্বাহী পরিচালক ডিটিসিএ জানান যে, ডিটিসিএতে শূন্য পদের সংখ্যা ৯৪টি। ডিটিসিএ এর সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রেষণযোগ্য শূন্যপদে মোট ১৭ (সতের) জন কর্মকর্তা প্রেষণে পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুরোধ জানানো হলে উক্ত পদসমূহের মধ্য থেকে ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট ও ট্রেনিং অ্যাডভাইজার এর ২টি (দুই) শূন্য পদে প্রেষণে নিয়োগ প্রদান করা হয়েছে। বর্তমানে অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট) পদটি শূন্য রয়েছে। কর্মকর্তা পদায়নের জন্য শীঘ্রই প্রস্তাব প্রেরণ করা হবে। এছাড়া, ডিটিসিএ এর সাংগঠনিক কাঠামো অনুযায়ী বিভিন্ন গ্রেডের ৫৫টি পদে সরাসরি নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদানের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হলে কতিপয় তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। উল্লিখিত তথ্যাদি প্রেরণের কাজ চলমান আছে। | ১. প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট) পদে কর্মকর্তা পদায়নের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>২. বিভিন্ন গ্রেডের ৫৫টি শূন্যপদে ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে চাহিত তথ্যাদি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ উপসচিব (ডিটিসিএ) |

CS CamScanner

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **(চ) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল সভাকে অবহিত করেন যে, ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন এবং পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর টিকেট মেশিন অপারেটর এবং কাস্টমার রিলেশন এ্যাসিস্টেন্ট এর ২০২টি পদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে এবং তাঁদের ব্যবহারিক পরীক্ষা চলমান রয়েছে। এছাড়া, General Manager (GM)-এর ০৫টি পদে এবং Deputy General Manager (DGM)-এর ১১ টি পদের বিপরীতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তন্মধ্যে ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত GM-এর ০২ টি পদে (HR & Admin, Finance & Accounts) এবং DGM-এর ০৪ টি পদে (S&T, Train Operation, Inspection, Workshop) মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। প্রেষণযোগ্য শূন্য পদসমূহে নিয়োগ প্রক্রিয়া অব্যাহত আছে। | (১) সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) প্রেষণযোগ্য শূন্য পদসমূহে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| **(ছ) ঢাকা বিআরটি**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে অবহিত করেন যে, ঢাকা বিআরটির অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী ১৩ জন কর্মকর্তা ও ১১ জন কর্মচারির পদের অনুকূলে বর্তমানে ৮ জন কর্মকর্তা ও ৮ জন কর্মচারি কর্মরত আছে। ব্যবস্থাপক (আইটি) পদে নিয়োগপ্রাপ্ত জনাব আরিফুল ইসলাম ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে কর্মস্থলে যোগদান করেছেন। ডিসেম্বর ২০২৪ মাসের মধ্যে ০৩টি কর্মচারি পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। এছাড়া, বিআরটি বাস ডিপোতে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের জন্য পিপিআর-২০০৮ অনুসরণ করে Elite Construction এর অনুকূলে Letter of Acceptance ইস্যু করা হয়েছে। | (১) শূন্যপদে জনবল নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে<br>(২) যথাযথ নিয়ম অনুসরণ করে নির্বাচিত কোম্পানি/ফার্ম এর মাধ্যমে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |

৩. **অডিট আপত্তির বিবরণী:**

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৫ | ০৩ | ০২ | - | - | ০৫ | ০২ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭৯৬৪ | ১৩৩৩ | ৬০৩৩ | ৫৯৮ | ০ | ৭৯৬৪ | ১৭ | ৭৯৪৭ |
| বিআরটিসি | ১১৮৮ | ১৯৬ | ৯০১ | ৯১ | ৯ | ১১৯৭ | ১০ | ১১৮৭ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫৩ | ২৪১ | - | - | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ১৭ | ৫ | ১২ | - | - | ১৭ | ০ | ১৭ |
| ডিএমটিসিএল | ৩২ | ৮ | ২৪ | - | - | ৩২ | ০ | ৩২ |
| ঢাকা বিআরটি | ০৫ | ০৫ | - | | | ০৫ | ০ | ০৫ |
| মোট | ৯৬০৫ | ১৭০৩ | ৭২১৩ | ৬৮৯ | ৯ | ৯৬১৪ | ২৯ | ৯৫৮৫ |

অক্টোবর'২৪ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৯৬০৫টি। নভেম্বর'২৪ মাসে ২৯টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং ০৯ অডিট আপত্তি অন্তর্ভুক্ত হওয়ায় এবং বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৯৫৮৫ টি।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (১) যুগ্মসচিব (বাজেট) জানান যে, এ বিভাগের ২টি সাধারণ আপত্তিসহ মোট ২৯টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। নভেম্বর ২০২৪ মাসে ৪টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। ডিটিসিএ'র DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রেরণের আবশ্যকতা নেই। উক্ত আপত্তির উপর ২০ ডিসেম্বর ২০২৪ তারিখে ত্রি-পক্ষীয় সভায় অনুষ্ঠিত হবে। এছাড়া, বিআরটিসি হতে প্রাপ্ত ২১টি অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়া গেলেও ৯টি আপত্তির ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ১২টি অডিট আপত্তির ব্রডশীট জবাবের সাথে প্রয়োজনীয় প্রমাণক না থাকায় বিআরটিসিতে ফেরত দেওয়া হয়েছে। প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব এ বিভাগে প্রেরণের জন্য সভায় চেয়ারম্যান, বিআটিসির দৃষ্টি আকর্ষণ করা হয়। যুগ্মসচিব (বাজেট) সভাকে আরো জানান যে, গাড়ী সংক্রান্ত বিআরটিএ এর দীর্ঘ দিনের ৭টি অগ্রিম অডিট আপত্তি রয়েছে। আডিট আপত্তিগুলো পিএ কমিটিতে উত্থাপিত হবে। বিআরটিএ হতে অডিট আপত্তিগুলোর প্রয়োজনীয় প্রমাণকসহ ব্রডশীট জবাব পাওয়া গেলেই অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। এ বিষয়ে চেয়ারম্যান, বিআরটিএ'র দৃষ্টি আকর্ষণ করা হয়। | (১) (ক) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে<br>(১) (খ) ডিটিসিএ'র DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আহবান করতে হবে।<br>(১) (গ) এ বিভাগ হতে ফেরত দেওয়া বিআরটিসি'র ১২টি অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশীট জবাব প্রেরণ করতে হবে।<br>(১) (ঘ) দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন বিআরটিএ'র গাড়ী সংক্রান্ত ৭টি অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশীট জবাব দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট)<br>নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (বাজেট)<br>চেয়ারম্যান, বিআরটিসি<br>চেয়ারম্যান, বিআরটিএ |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (২) ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল সভাকে অবহিত করেন যে, ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনিষ্পন্ন ৩২টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>(৩) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান যে, ২০২২-২৩ অর্থবছরের ৫টি Non SFI আপত্তির জবাব ইতোমধ্যে ০৪ নভেম্বর ২০২৪ তারিখে FAPAD অফিসে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত রয়েছে। | (২) ডিএমটিসিএল এর অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে পূর্ত অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(৩) ৫টি Non SFI আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে FAPAD এর সাথে যোগযোগ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, (ডিএমটিসিএল/ ঢাকা বিআরটি) অতিরিক্ত সচিব (বাজেট)/উপসচিব (অডিট) |
| ৪. | **সওজ অধিদপ্তর**<br>ক. সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরিত/অনুমোদন প্রক্রিয়াধীন এবং ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মাননীয় উপদেষ্টা মহোদয়ের বেশকিছু নির্দেশনা রয়েছে। প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ এবং সে অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি পুনরায় সকল দপ্তর/সংস্থা প্রধান এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। উল্লেখযোগ্য নির্দেশনাসমূহ হলো:<br>১. চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাবে না তবে Force majeure বা একান্ত প্রয়োজনে বাস্তবতার নিরীখে মেয়াদ বৃদ্ধি বিবেচনা করা যেতে পারে;<br>২. প্রকল্প গ্রহণে সাধারণ মানুষের উপকারিতা এবং সার্বিক ব্যয় হ্রাস সর্বাধিক বিবেচনায় নিতে হবে;<br>৩. প্রকল্পের ভূমি অধিগ্রহণের বিষয়টি কমাতে হবে;<br>৪. অনুমোদিত প্রকেল্পের ব্যয় বৃদ্ধি ও প্যাকেজ ভেরিয়েশনের বিষয়টি বিশেষ ক্ষেত্র ব্যতীত বিবেচনা করা যাবে না;<br>৫. প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সরকারের ব্যয় সাশ্রয় নীতির প্রতিফলন নিশ্চিত করতে হবে। সড়ক অবকাঠামো নির্মাণে অযৌক্তিক/বাড়তি ব্যয় পরিহার করে যুক্তিযুক্ত ব্যয় প্রাক্কলণ করতে হবে;<br>৬. উপকারভোগী যথাসময়ে প্রকল্পের সুফল ভোগ করবেন। যানজট ও ভ্রমণ সময় হ্রাস করতে হবে; উন্নয়নের ক্ষেত্রে আঞ্চলিক সমতার বিষয়টি বিবেচনা করতে হবে;<br>৭. সড়ক মাস্টারপ্ল্যান প্রণয়নপূর্বক দেশে পরিকল্পিত মহাসড়ক উন্নয়ন কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>৮. বৈদেশিক ঋণে প্রকল্প গ্রহণের ক্ষেত্রেও যথাযথভাবে যাচাই বাছাই করতে হবে;<br>৯. চলমান প্রকল্প, প্রক্রিয়াধীন প্রকল্পের কার্যক্রম পর্যালোচনাপূর্বক কম গুরুত্বপূর্ণ কার্যক্রম বাদ দেওয়ার বিষয়টি পরীক্ষা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প গ্রহণ, অনুমোদন ও চলমান প্রকল্প বাস্তবায়নে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (পরিকল্পনা/উন্নয়ন) |
| | **খ.এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং) সওজ অধিদপ্তর জানান যে, এডিপি সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে web-based করে পাইলটিং করা হচ্ছে। পাইলটিং কার্যক্রম ফলপ্রসূ হলে নিয়মিতভাবে এটি চালু করা হবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব জানান যে, বিভিন্ন প্রতিষ্ঠানের রেডিমেট সফটওয়্যার পাওয়া যায়, সেগুলো ব্যবহার করা যেতে পারে এছাড়া, পরিকল্পনা কমিশনেরও এ ধরণের সফটওয়্যার রয়েছে। এ বিষয়ে তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে। | (১) এডিপি সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের পাইলটিং শেষ করে নিয়মিতভাবে চালুর উদ্যোগ নিতে হবে।<br>(২) প্রয়োজনে বিভিন্ন প্রতিষ্ঠানে রেডিমেট সফটওয়্যার বা পরিকল্পনা কমিশনের সফটওয়্যার নেওয়ার জন্য যোগাযোগ করা যেতে পারে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **গ. উন্নয়ন প্রকল্প পরিদর্শন:**<br>সওজ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের সার্বিক কার্যক্রম এ বিভাগের মনিটরিং টিম কর্তৃক সরেজমিন পরিদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, পূর্বে এ বিভাগের ২০টি মনিটরিং টিম ছিল। এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী টিমের জন্য অর্থবছরে নির্দিষ্ট সংখ্যক পরিদর্শন নির্ধারিত ছিল। বর্তমানেও এপিএ-তে এ লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। অতিরিক্ত সচিব এর নেতৃত্বে সকল উইং এর অতিরিক্ত সচিবগণ বসে একটি পরিদর্শন রোস্টার প্রস্তুত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | বাস্তবায়নাধীন প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিদর্শনের জন্য অতিরিক্ত সচিব এর নেতৃত্বে সকল উইং এর অতিরিক্ত সচিবগণ বসে একটি পরিদর্শন রোস্টার প্রস্তুত করবে। | অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **ঘ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সিভিল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের তাত্ত্বিক বিষয়ে অর্জিত জ্ঞানের ব্যবহারিক প্রয়োগের সুযোগ সৃষ্টি করা জরুরী। এ লক্ষ্যে একাডেমিক কার্যক্রমে যুক্ত শিক্ষার্থীদের সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিত হলে ছাত্র অবস্থায় তাদের পক্ষে হাতে কলমে কাজ শেখা সম্ভব হবে। এ লক্ষ্যে বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সক্ষমতা অনুযায়ী | শিক্ষার্থীদের পেশাগত জ্ঞানার্জন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে হাতে কলমে শিক্ষা গ্রহণের জন্য বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর সাথে এ | চেয়ারম্যান (বিআরটিসি/ বিআরটিএ)/নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/প্রধান প্রকৌশলী (সওজ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| তাদের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর সংশ্লিষ্ট ডিপার্টমেন্টগুলোর সাথে যোগাযোগ করার জন্য সভাপতি সংস্থা প্রধান ও অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে পরামর্শ প্রদান করেন। | বিভাগের সম্পর্ক স্থাপনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে। | অধিদপ্তর)/ অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| **ঙ. বৃক্ষরোপণ:**<br>প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর জানান যে, সঠিক সময়ে অর্থাৎ বৃক্ষরোপণ মৌসুমে যথাযথ নিয়মে বৃক্ষরোপণ কাজ সম্পন্ন করা হয়েছে। নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী বৃক্ষপালনবিদগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী নির্বাহী বৃক্ষপালনবিদগণ কাজ তদারকি করছেন। | রোপিত বৃক্ষের নিয়মিত পরিচর্যা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/ মনিটরিং টিমের সকল সদস্য/প্রধান বৃক্ষপালনবিদ, সওজ |
| **চ. ল্যান্ডস্কেপিং গাইডলাইন চূড়ান্তকরণ:**<br>অতিরিক্ত সচিব (এস্টেট) জানান, একাধিক সভা ও বিভিন্ন স্টেক হোল্ডারদের মতামতের ভিত্তিতে ল্যান্ডস্কেপিং গাইডলাইনের খসড়া চূড়ান্ত করা হয়েছে। এ বিষয়ে সভাপতি জানান যে, প্রকল্প এরিয়া পরিদর্শন ও অঞ্চলভিত্তিক উপযোগী করে এটি প্রস্তুত করা হয়েছে কিনা তা যাচাই করা প্রয়োজন। এ বিষয়ে জনাব এস এম মাহবুব আলম, যুগ্মসচিব এর নেতৃত্বে কয়েকজন বিশেষজ্ঞদের সমন্বয়ে গাইডলাইনটি পর্যালোচনা করে চূড়ান্ত করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | প্রকল্প এরিয়া পরিদর্শন ও অঞ্চলভিত্তিক উপযোগী করে প্রণয়নের লক্ষ্যে বিশেষজ্ঞদের সমন্বয়ে প্রস্তুতকৃত ল্যান্ডস্কেপিং গাইডলাইন পর্যালোচনা করে খসড়া চূড়ান্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ জনাব এস এম মাহবুব আলম, যুগ্মসচিব/উপসচিব (সওজ সংস্থাপন-২) |
| **ছ. টোল আদায়:**<br>যে সকল টোল প্লাজায় টোল আদায় সম্ভব হচ্ছেনা বা অপারেটর নেই সে সেকল টোল প্লাজাসমূহে বিভাগীয় খাস কালেকশন করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয় এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরকে পরামর্শ দেওয়া হয়। মেঘনা ও গোমতী সেতুর টোল আদায়ের বিষয়ে সভাপতি জানতে চাইলে উপসচিব (টোল ও এক্সেল) জানান, মেঘনা ও গোমতী সেতুর টোল আদায়ের বিষয়ে অভিযোগ পাওয়া গিয়েছে। এ বিষয়ে গঠিত কমিটির সভা ১৮.১২.২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। | (১) যে সকল টোল প্লাজায় টোল আদায় সম্ভব হচ্ছেনা বা অপারেটর নেই সেসকল টোল প্লাজাসমূহে বিভাগীয় খাস কালেকশন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) মেঘনা ও গোমতী সেতুর টোল আদায়ের অভিযোগের বিষয়ে গঠিত কমিটি সভা করে দ্রুত প্রতিবেদন দাখিল করবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| **জ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>(১) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা সভাকে অবহিত করেন যে, জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি ১৮টি সড়ক বিভাগ থেকে পাওয়া গিয়েছে, যা ২১ অক্টোবর ২০২৪ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সকল সড়ক বিভাগে হস্তান্তরিত সড়কের তালিকা চাওয়া হয়েছিল কিন্তু তারা সওজ মালিকানাধীন সকল সড়কের তালিকা প্রেরণ করায় পরবর্তীতে শুধু হস্তান্তরিত সড়কের তালিকা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | (১) জেলা পরিষদ অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির নামজারির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ প্রধান প্রকৌশলী, সওজ/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা |
| **ঝ. Smart Case Management System:**<br>উপসচিব (আইন) সভাকে জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার তথ্য Smart Case Management System-এ ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে আপলোড করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে সওজ অধিদপ্তর ও ঢাকা বিআরটি ব্যতীত অন্য দপ্তর/সংস্থা মামলার তথ্য উক্ত সিস্টেমে আপলোড দিয়েছে। সওজ অধিদপ্তর ও ঢাকা বিআরটির মামলার তথ্য ৩ দিনের মধ্যে সিস্টেমে আপলোড দেওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয় এবং মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সিস্টেমে আপডেট রাখার জন্য সকল দপ্তর/সংস্থা প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়। | (১) সওজ অধিদপ্তর ও ঢাকা বিআরটি এর মামলাসমূহ আগামী ৩ দিনের মধ্যে Smart Case Management System-এ আপলোড দিতে হবে।<br>(২) মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সিস্টেমে আপডেট দিতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| **ঞ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, সভাকে জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস উপর এসিল্যান্ড আমাদের বিপক্ষে একটি রায় দিয়েছে। রায়ের সইমোহর পাওয়া গিয়েছে। উক্ত রায়ের বিরুদ্ধে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর আপীল করার জন্য প্যানেল আইনজীবী নিয়োগ দেওয়া হয়েছে। কার্যক্রম চলমান আছে। | উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য এসিল্যান্ডের রায়ের বিরুদ্ধে আপীল করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ট. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় সভাকে অবহিত করেন যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আশরাফ উদ্দিন এর নিয়োগ বাতিল করে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এস এম জহুরুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে আইনী প্রচেষ্টা অব্যাহতসহ জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঠ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন নিয়ে মোট ১৩ টি মামলা রয়েছে। মামলাগুলো একটি বেঞ্চে আনয়ন এবং মামলার সর্বশেষ অবস্থা জানানোর জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এস এম জহুরুল ইসলামকে পত্র দেওয়া হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো একটি বেঞ্চে এনে শুনানীর জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী ও অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ড. মহাখালীতে ইউনিভার্সাল মেডিকেল কলেজের পাশে ইউরেকা ফিলিং স্টেশন ও কার পার্কিং এর জায়গা উদ্ধার:<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় সভাকে অবহিত করেন যে, ইউনির্ভাসাল মেডিকেল কলেজের পাশে স্থাপিত ইউরেকা ফিলিং ষ্টেশন ও কার পার্কিং এর জায়গা পুনরুদ্ধারকল্পে আইনি উদ্যোগ নেওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ঢাকাকে পত্র দেওয়া হয়েছে এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এস এম জহুরুল ইসলামকে সাথে নিয়ে বিজ্ঞ অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে মিটিং করা হয়েছে। এ বিষয়ে দায়েরকৃত ১৬৫ নম্বর মামলা শুনানী পর্যায়ে রয়েছে।</td><td>ইউনিভার্সাল মেডিকেল কলেজের পাশে স্থাপিত ইউরেকা ফিলিং স্টেশন ও কার পার্কিং এর জায়গা পুনরুদ্ধারকল্পে আইনি প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে এবং প্যানেল আইনজীবী ও অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, সওজ</td></tr>
<tr><td></td><td>ঢ. অবৈধ স্থাপনা অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান যে, সওজ অধিদপ্তরের ভূমিতে অবৈধভাবে স্থাপিত স্থাপনা উচ্ছেদ/অপসারণ কার্যক্রম অব্যাহত আছে। গত ১১.১২.২০২৪ তারিখে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। এতে ৩৮৪টি অবৈধ স্থাপনা উচ্ছেদ মাধ্যমে ৭.৫০ একর জায়গা উদ্ধার করা হয়। যার আনুমানিক বাজর মূল্য ১৯ কোটি ৬৮ লক্ষ টাকা। তিনি নভেম্বর ২০২৪ মাসে উচ্ছেদকৃত অবৈধস্থাপনার তথ্য উপস্থাপন করেন।<br>অবৈধ স্থাপনা ও অপসারণের তথ্য:
<table>
<tr><th>উদ্ধারকৃত ভূমির পরিমান</th><th>উচ্ছেদকৃত অবৈধ স্থাপনা</th><th>আনুমানিক বাজার মূল্য</th></tr>
<tr><td>৭.৫০ একর</td><td>৩৮৪টি</td><td>১৯ কোটি ৬৮ লক্ষ</td></tr>
</table>
অবৈধ বিলবোর্ড স্থাপন ও অপসারণের তথ্য:
<table>
<tr><th>অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা (নভেম্বর /২৪ মাস পর্যন্ত)</th><th>নভেম্বর/২৪ মাসে উচ্ছেদকৃত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</th><th>হালনাগাদ অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</th></tr>
<tr><td>২২৮৩</td><td>১৪১</td><td>২১৪২</td></tr>
</table></td><td>(১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>২. সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান যে, চট্টগ্রাম জোনে এস্টেট ও আইন কর্মকর্তা পদায়নের জন্য সর্বশেষ ২৪ অক্টোবর ২০২৪ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর তাগিদ পত্র দেওয়া হয়েছে। পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।</td><td>(২) চট্টগ্রাম জোনে এস্টেট ও আইন কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।</td><td>যুগ্মসচিব (এস্টেট)</td></tr>
</table>

CamScanner

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **ণ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>ইটিসি ব্যবহার বিষয়ে সভাপতি জানান যে, গাড়িতে স্থাপিত আরএফআইডি ট্যাগ ইটিসি সিস্টেমে কাজ করেনা। আরএফআইডি ট্যাগ ও ইটিসি সিস্টেমে কি ধরণের টেকনিক্যাল সমস্যা রয়েছে সেগুলো ভাল করে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বিআরটিএ এবং প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্টকে সভায় পুনরায় পরামর্শ প্রদান করা হয়।<br><br>প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইটিসি ব্যবহারে ১০% আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রয়েছে। ০১-০৩ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত মানবজমিন ও The Financial পত্রিকায় এবং ১০-১১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত দৈনিক গণকণ্ঠ, প্রতিদিনের সংবাদ, Daily Industry ও Dhaka Tribune পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়। জনবহুল পত্রিকায় বিজ্ঞাপন প্রচারের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) আরএফআইডি ট্যাগ ইটিসি সিস্টেমে কাজ না করায় টেকনিক্যাল বিষয়গুলো ভাল করে দেখে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে জনবহুল দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| **ত. পেট্রোল পাম্পে প্রবেশ ও বহির্গমনের জন্য সওজ এর ভূমি ব্যবহারের ইজারা মূল্য প্রদান:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, খুলনা জানান যে, পেট্রোল পাম্পে প্রবেশ ও বহির্গমনের জন্য সওজ এর ভূমির ইজারা মূল্য প্রদানের বিষয়ে খুলনা জোনে সম্প্রতি একটি সভা অনুষ্ঠিত হয়। পেট্রোল পাম্পের মালিকগণ বিদ্যমান নীতিমালা অনুযায়ী ইজারা মূল্য দিতে অপরাগতা জানিয়েছেন। তারা বিভিন্ন অজুহাত দেখাচ্ছে। এ বিষয়ে এস্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জানান যে, ঢাকা জোনে অনেক পেট্রোল পাম্পের মালিকগণ ইজার মূল্য বেশি বলে বকেয়া পরিশোধ করছেনা। নীতিমালা অনুযায়ী এককালীন তাদের ৪-৫ কোটি বা তার অধিক টাকা পরিশোধ করতে হবে। এ অজুহাতে তারা ইজারমূল্য পরিশোধ করছেনা। এ বিষয়ে সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান পেট্রোল পাম্পের মালিক সমিতির সাথে আলোচনা করে ২০১৫ সালের নীতিমালা আংশিক সংশোধন করা হয়। এতে ইজারা মূল্য পুন:নির্ধারণ করা হয় এবং ইজারা ফি অনেক কমিয়ে আনা হয়। সরকারি ইজারা ফি প্রদানে মালিক পক্ষের অপারগতা প্রকাশ তাদের উদ্দেশ্য প্রণোদিত। এ বিষয়ে সভাপতি জানান সরকারি অর্থ মওকুফের কোনো সুযোগ নেই। এতে অডিট আপত্তির সম্ভাবনা রয়েছে। তাই মালিক পক্ষকে নোটিশ প্রদান এবং এ ধরণের পেট্রোল পাম্পের তালিকা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। আগামী ১ মাসের মধ্যে তালিকা প্রস্তুত করে সওজ অধিদপ্তর এ বিভাগে প্রেরণ করবেন মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) যে সকল পেট্রোল পাম্প ইজারামূল্য প্রদান করছেনা তার তালিকা আগামী ১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) সওজ অধিদপ্তর হতে তালিকা প্রাপ্তির পর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/যুগ্মসচিব (সম্পত্তি) |
| **থ. যুগোপযোগী টোল আদায় সিস্টেম চালু:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান যে, ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যুগোপযোগী সিস্টেমে টোল আদায়ের লক্ষ্যে পদ্মা সেতুতে স্থাপিত অপটিক্যাল ফাইবার ব্যবহার এবং সার্ভার স্টেশন স্থাপন বিষয়ে সেতু কর্তৃপক্ষের সাথে MoU চূড়ান্ত করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সেতু কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক আগামী ৭ দিনের মধ্যে MoU চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যুগোপযোগী সিস্টেমে টোল আদায়ের লক্ষ্যে আগামী ৭ দিনের মধ্যে MoU চূড়ান্ত করার লক্ষ্যে সেতু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ উপসচিব (টোল ও এক্সেল) |
| ৫. **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদানকালীন পরীক্ষা গ্রহণ:**<br>চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষাগ্রহণ বিষয়ে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সিভিল সার্জনের প্রতিনিধিসহ ০৬ সদস্য বিশিষ্ট বোর্ডের মাধ্যমে যাচাই-বাচাই কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষাগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট |
| **খ. QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, PVC কার্ড সংগ্রহের (প্রকিউরমেন্ট) নিমিত্ত ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচনের উদ্দেশ্যে কারিগরি বিনির্দেশ, দাপ্তরিক প্রাক্কলন প্রণয়নসহ টেন্ডার ডকুমেন্টের খসড়া প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। পরিচালক (ইঞ্জি:) এর সভাপতিত্বে ০৮ সদস্য বিশিষ্ট কমিটি দ্বারা এ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | দ্রুত কার্যক্রম সম্পন্ন করে PVC কার্ডে QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম শুরু করতে হবে।। | চেয়ারম্যান, বিআরটিএ |
| **গ. পেন্ডিং ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>চেয়ারম্যান, বিআরটিএ অবহিত করেন যে, পেন্ডিং ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম অব্যাহত আছে। গ্রাহকের নিকট দ্রুত পৌঁছে দেয়ার জন্য সর্বাত্তক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ডাক বিভাগে ৫৫ হাজার ড্রাইভিং লাইসেন্স বিতরণের অপেক্ষায় আছে। ড্রাইভিং লাইসেন্স দ্রুত গ্রাহকের নিকট পৌঁছাতে ডাক বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করে বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করেন। | পেন্ডিং ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ডাক বিভাগে অপেক্ষমান ৫৫ হাজার ড্রাইভিং লাইসেন্স গ্রাহকের নিকট দ্রুত পৌঁছে দিতে ডাক বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>ঘ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:<br>(১) চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, বিআরটিএ ঢাকা মেট্রো-১ সার্কেল, মিরপুর-১৩, ঢাকা কার্যালয়ে বন্ধ থাকা ভিআইসি চালুর লক্ষ্যে KOICA এর সাথে আলোচনা হয়েছে। তাদের পরামর্শ অনুযায়ী প্রকল্পের PDPP প্রস্তুত প্রক্রিয়াধীন আছে। এছাড়া, নতুন করে ১০টি ভিআইসি স্থাপন বিষয়ে World Bank এর সাথে যোগাযোগ করা হয়। এ বিষয়ে তাদের সম্মতি রয়েছে। Air Quality Management প্রকল্পের আওতায় নতুন ১০টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে প্রকল্পের PDPP এ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>(২) চেয়ারম্যান, বিআরটিএ আরো উল্লেখ করেন যে, বিআরটিএ, ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া, কেরাণীগঞ্জ, ঢাকা কার্যালয়ের ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি)সহ অনুমোদিত দশতলা ভিত বিশিষ্ট ভিআইসি ভবন নির্মাণের নিমিত্ত নতুন জায়গা নির্ধারণের জন্য ২৫.০৯.২০২৪ তারিখ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। বিআরটিএ, চট্টগ্রাম কার্যালয়ের অভ্যন্তরে ০৩-লেন থেকে ০৮-লেন বিশিষ্ট ভিআইসি নির্মাণের নিমিত্ত বিআরটিসি হতে অতিরিক্ত জায়গা বুঝে পেতে চেয়ারম্যান, বিআরটিসি বরাবর পত্র দেওয়া হয়েছে।</td><td>(১) (ক) বিআরটিএ ঢাকা মেট্রো-১ সার্কেল, মিরপুর-১৩, ঢাকা কার্যালয়ে বন্ধ থাকা ভিআইসি চালুর লক্ষ্যে প্রকল্পের PDPP প্রস্তুত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(১) (খ) World Bank এর আর্থিক সহযোগিতায় নতুন করে ১০টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে এ বিভাগে প্রাপ্ত PDPP এর ওপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২)(ক) ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া, কেরাণীগঞ্জ ঢাকা কার্যালয়ে ভিআইসি স্থাপনের জন্য জায়গা পেতে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(২)(খ) জায়গা বুঝে নিতে চেয়ারম্যান, বিআরটিসি'র সাথে আলোচনা করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ উপসচিব (বৈদেশিক সহায়তা শাখা)</td></tr>
<tr><td></td><td>ঙ. বিআরটিএ'র সেবা গ্রহণকালীন সহযোগীতা প্রদান<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, সেবা নিতে আসা বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য আলাদা ডেস্ক করে সেবা প্রদানের লক্ষ্যে ৩০ অক্টোবর ২০২৪ তারিখ সকল বিভাগীয় পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ১১টি অফিসে সেবা ডেস্ক স্থাপন করা হয়েছে। পর্যায়ক্রম সকল অফিসে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য আলাদা ডেস্ক স্থাপন করা হবে।</td><td>সেবা নিতে আসা বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য বিআরটিএ'র সকল অফিস আলাদা সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ</td></tr>
<tr><td></td><td>চ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:<br>(১) চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় বিগত কয়েক মাস প্রেস ব্রিফিং করা সম্ভব হয় নি। নভেম্বর ২০২৪ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:<br><table><tr><th>দুর্ঘটনার সংখ্যা</th><th>নিহতের সংখ্যা</th><th>আহতের সংখ্যা</th></tr><tr><td>৪৫৮</td><td>৪৫১</td><td>৪২০</td></tr></table><br>(২) এছাড়া, সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে।<br><br>(৩) সভায় আরো জানানো হয় যে, মহাসড়কে সকল ধরণের সাইন সিগনাল স্থাপন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। দ্রুত কাজ শুরু এবং ৩-৪ মাসের মধ্যে দৃশ্যমান অগ্রগতি আনার জন্য সভাপতি প্রধান প্রকৌশলী, সওজ কে সভায় পরামর্শ দেওয়া হয়।।</td><td>(১) নিয়মিতভাবে দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং সড়ক দুর্ঘটনার তথ্য প্রেস ব্রিফিং করে প্রচার করতে হবে।<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য বিভিন্ন গুরুত্বপূর্ন স্পট ও জনসমাগম এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন আকারে প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) মহাসড়কে সকল ধরণের সাইন সিগনাল স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে। ৩-৪ মাসের মধ্যে দৃশ্যমান অগ্রগতি আনতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)<br><br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>ছ. মোবাইল কোর্ট পরিচালনা:<br>সভাকে অবহিত করা হয় যে, বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অধিভুক্ত এলাকায় ও জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। নভেম্বর/২৪ মাসে অবৈধ মোটরযান চলাচলের বিরুদ্ধে ১০৮৯টি মামলায় ২৩,০২,৫০০/- টাকা জরিমানা আদায়সহ ১৯টি অবৈধ মোটরযানকে ডাম্পিং প্রদান করা হয়।</td><td>বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অধিভুক্ত এলাকায় ও জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ উপসচিব (টোল ও এক্সেল)</td></tr>
</table>



CamScanner

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **জ. স্ক্র্যাপ নীতিমালা:**<br>যুগ্মসচিব (বিআরটিএ) জানান যে, বিভিন্ন দপ্তর/সংস্থার মতামতের ভিত্তিতে স্ক্র্যাপ নীতিমালার খসড়া চূড়ান্ত করা হয়েছে। আন্ত:মন্ত্রণালয় সভা আহবানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করার জন্য দ্রুত আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঝ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:**<br>চেয়ারম্যান, বিআরটিএ অবহিত করেন যে, নভেম্বর ২০২৪ মাসে ৩২,৫৪৪ সেট রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজন করা হয়েছে। আরএফআইডি ও নাম্বারপ্লেট সংযোজন বিষয়ে এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন যে, রেজিস্ট্রেশনকালীন গাড়ীতে আরএফআইডি ট্যাগ ও নাম্বারপ্লেট লাগানো হয়। একটা সময় পর বা বিভিন্ন কারনে আরএফআইডি ট্যাগ ও নাম্বারপ্লেট নষ্ট বা নিষ্ক্রিয় হয়ে যায়। এক্ষেত্রে গাড়ীর ফিটনেস প্রদানের সময় সার্কেল অফিস কর্তৃক পরীক্ষা করে পুন:সংযোজন বা নতুন করে সংযোজনের ব্যবস্থা করতে পারে। | গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ফিটনেস প্রদানকালে নষ্ট বা নিষ্ক্রিয় আরএফআইডি ট্যাগ ও নাম্বারপ্লেট পুনসংযোজনের উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **ঞ. মালবাহী গাড়ী ও নির্মাণ কাজে ব্যবহৃত যানবাহনের রেজিস্ট্রেশন সংক্রান্ত:**<br>(১) মালবাহী বড় গাড়ি, ট্যাংক, লরী ও নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন ধরণের সরকারি/বেসরকারি ভারী যানবাহনের রেজিস্ট্রেশন ও ফিটনেস গ্রহণের জন্য বাধ্য করা এবং বিষয়টি প্রচার প্রচারণার মাধ্যমে সকলকে অবহিত করার জন্য সভায় চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করা হয়।<br><br>(২) মালবাহী বড় গাড়ী, ট্যাংক, লরী নির্দিষ্ট সীমার অতিরিক্ত এক্সেল লোড বহন করে। অনেক সময় তারা নিজেদেরমত গাড়ীর ডিজাইন পরিবর্তন করে বা চাকার পরিমান কমিয়ে বা বাড়িয়ে নেয়। এতে সড়কের মারাত্বক ক্ষতি সাধিত হয়। তাই মালবাহী গাড়ীর এক্সেল লোড নিয়ন্ত্রণে করনীয় বিষয়ে হাইওয়ে পুলিশের সাথে বসার জন্য সভাপতি চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করেন। | (১) মালবাহী বড় গাড়ী, ট্যাংক, লরী ও নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন ধরণের সরকারি/বেসরকারি ভারি যানবাহনের রেজিস্ট্রেশন ও ফিটনেস গ্রহণে বাধ্য করতে হবে। বিষয়টি প্রচার প্রচারণার মাধ্যমে সকলকে অবহিত করতে হবে।<br>(২) মালবাহী গাড়ীর এক্সেল লোড নিয়ন্ত্রনে করণীয় বিষয়ে হাইওয়ে পুলিশের সাথে বসে আলোচনা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ) |
| | **ট. ইলেকট্রিক মোটরযানের উপর সারচার্জ আরোপ:**<br>সিনিয়র সহকারী সচিব (বিআরটিএ) জানান যে, বিআরটিএ-এর প্রস্তাবের প্রেক্ষিতে ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR বরাবর ২৭ নভেম্বর ২০২৪ তারিখ পত্র দেওয়া হয়েছে। বিষয়টি অবহিত করার জন্য চিঠির কপি জলবায়ু, বন ও পরিবেশ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। | (১) ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR এর সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(২) বিষয়টি অবহিত করার জন্য চিঠির কপি জলবায়ু, বন ও পরিবেশ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি/ বিআরটিএ |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>সিনিয়র সহকারী সচিব (বিআরটিসি) জানান যে, বিআরটিসির নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুতের বিষয়ে প্রমাণকসমূহ ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখ বিআরটিসি হতে পাওয়া গিয়েছে। যা ইতোমধ্যে নথিতে উপস্থাপন করা হয়েছে। | নথিতে সিদ্ধান্ত পাওয়ার পর সে অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **খ. বিআরটিসি'র পর্যটন বাস চালু:**<br>চেয়ারম্যান, বিআরটিসি অবহিত করেন যে, পর্যটকদের চাহিদা বিবেচনায় কক্সবাজার ও চট্টগ্রামে পর্যটক বাস সার্ভিস চালু রয়েছে। | পর্যটকদের চাহিদা বিবেচনায় পর্যটক বাস সার্ভিস চালুর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **গ. বিআরটি লেনে বিআরটিসি বাস চালু:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান যে, গত ১৫.১২.২০২৪ তারিখে ঢাকা বিআরটিএ'র সহযোগিতায় বিআরটিএ লেনে বিআরটিসি'র বাস সার্ভিস চালু হয়েছে। সাধারণ মানুষের চলাচলে স্বস্তি ফিরে আসায় অনেক মিডিয়া ও সাধারণ মানুষ এর প্রশংসা করেছেন। এ সাফল্যের জন্য চেয়ারম্যান, বিআরটিসি মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান। এ প্রসঙ্গে সভাপতি মহোদয়ও এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঢাকা বিআরটি এবং বিআরটিসি সংশ্লিষ্ট কর্মকর্তাদের আন্তরিক ধন্যবাদ জানান। | নিয়মিত তদারকির মাধ্যমে বিআরটি লেনে বিআরটিসি'র বাস চলাচল অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ঘ. পরিচালনা পরিষদ<br>সিনিয়র সহকারী সচিব (বিআরটিসি) জানান যে, বিআরটিসির পরিচালনা পরিষদ পুনর্গঠনের লক্ষ্যে বেসরকারি প্রতিনিধির মনোনয়ন চেয়ে বিভাগীয় কমিশনার বরাবর পত্র দেওয়া হয়েছে। ইতোমধ্যে ২টি বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে প্রতিনিধি পাওয়া গিয়েছে। সকল প্রতিনিধি না পাওয়ায় বিভাগীয় কমিশনার কার্যালয়ে তাগিদপত্র প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>বিআরটিসি পরিচালনা পরিষদ পুনর্গঠনের লক্ষ্যে প্রতিনিধি চেয়ে বিভাগীয় কমিশনার কার্যালয়ে তাগিদ পত্র দিতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন)</td></tr>
<tr><td>৭.</td><td>ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:<br>ক. Special Purpose Company (SPC) গঠন আইন প্রণয়ন:<br>উপসচিব (ডিটিসিএ শাখা) জানান যে, র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণের লক্ষ্যে ০২ সদস্য বিশিষ্ট কমিটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ০১ জন কর্মকর্তা বদলী হওয়ায় ১০.১২.২০২৪ তারিখ নতুন কমিটি গঠন হয়েছে। প্রতিবেদন পাওয়ার পর নথি উপস্থাপন করা হবে। দ্রুত কমিটিকে রিপোর্ট প্রদানের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক কমিটিকে দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ)/সংশ্লিষ্ট কমিটি</td></tr>
<tr><td></td><td>খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ) বিধিমালা ২০২৪:<br>অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) জানান যে, বাস পরিবহন সেবা পরিচালনা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ) বিধিমালা-২০২৪ এর খসড়ার ওপর সর্বশেষ ২৪.০৯.২০২৪ তারিখে সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। ধারাগুলো আরেকবার পুনরায় পর্যালোচনা করে দেখে খসড়া বিধিমালাটি শীঘ্রই নথিতে উপস্থাপনা করা হবে।</td><td>বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৪ দ্রুত পর্যালোচনা করে খসড়া চূড়ান্ত করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/যুগ্মসচিব (ডিটিসিএ)</td></tr>
<tr><td></td><td>গ. ডিটিসিএ'র পরিচালনা পর্ষদ পুনর্গঠন:<br>ডিটিসিএ'র বিদ্যমান আইন অনুযায়ী ডিটিসিএ'র পরিচালনা পর্ষদ পুনর্গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালনা পর্ষদে মাননীয় সংসদ সদস্য ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়রগণ অন্তর্ভুক্ত আছেন। কিন্তু বর্তমানে সংসদ সদস্য ও সিটি কর্পোরেশনে মেয়র না থাকায় আইন অনুযায়ী সংসদ সদস্য পদ খালি এবং সিটি কর্পোরেশনের মেয়র বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অন্তর্ভুক্ত রেখে পরিচালনা পর্ষদ পুনর্গঠনের বিষয়ে সকলে মতামত ব্যক্ত করেন।</td><td>ডিটিসিএ'র বিদ্যমান আইন অনুযায়ী পরিচালনা পর্ষদ পুনর্গঠন করতে হবে।</td><td>অতিরিক্ত সিচিব (এস্টেট/আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ</td></tr>
<tr><td></td><td>ঘ. ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৪<br>পরিচালনা পর্ষদ পুনর্গঠন হলে, উক্ত পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৪ এ বিভাগে প্রেরণ করা হবে মর্মে নির্বাহী পরিচালক ডিটিসিএ জানান।</td><td>ডিটিসিএ'র কর্মচারিদের জন্য প্রদেয় ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৪ পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে এ বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>অতিরিক্ত সিচিব (এস্টেট/আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ</td></tr>
<tr><td>৮.</td><td>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)<br>ডিএমটিসিএল'র আয়ের হিসাব:<br>ডিএমটিসিএল'র শুরু থেকে এ পর্যন্ত এমআরটি পাস এবং সিঙ্গেল জার্নি টিকেটে বিক্রিত আয়ের হিসাব বিবরণী নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হয়।<br>
<table>
<tr><th>স্মার্ট কার্ড (Rapid Pass & MRT Pass) ব্যবহার করে ডিএমটিসিএল এর আয়</th><th>সিঙ্গেল জার্নির টিকেট বিক্রির মাধ্যমে ডিএমটিসিএল এর সম্ভাব্য আয় (উল্লেখ্য, ডিএমটিসিএল'র সিঙ্গেল জার্নির টিকেট থেকে আয় ক্লিয়ারিং হাউজ সেটেলমেন্ট করে না)</th><th>ডিএমটিসিএল'র মোট আয়</th></tr>
<tr><td>১৫৯,৬২,২৬,৪৫২ ( ১৫৯ কোটি ৬২ লক্ষ ২৬ হাজার ৪৫২ ) টাকা</td><td>২১৩,২৬,৭৮,৬৬২ (২১৩ কোটি ২৬ লক্ষ ৭৮ হাজার ৬৬২) টাকা</td><td>৩৭২,৮৯,০৫,১১৪ ( ৩৭২ কোটি ৮৯ লক্ষ ০৫ হাজার ১১৪) টাকা</td></tr>
</table></td><td>এমআরটি পাস এবং সিঙ্গেল জার্নি টিকেটের বিক্রিত আয়ের হিসাব বিবরণী প্রতি মাসে এ বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল</td></tr>
<tr><td>৯.</td><td>ঢাকা বিআরটি :<br>ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে জানান যে, গত ২২.১০.২০২৪ তারিখে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঢাকা বিমানবন্দর স্টেশন এলাকায় সকল সংস্থার ভবিষ্যৎ পরিকল্পনা সমন্বয় করে Comprehensive Technical Design ও Land Use Plan প্রণয়ন এবং ভূমির মালিকানা ও দখল সংক্রান্ত সমস্যা চিহ্নিত করে সুপারিশসহ সমাধানের প্রস্তাব প্রদানের জন্য দুটি কমিটি গঠন করা হয়। এ বিষয়ে সওজ অধিদপ্তরে প্রতিনিধি জানান, অদ্য ১৭.১২.২০২৪ তারিখে কমিটির সভা অনুষ্ঠিত হবে মর্মে রেলপথ মন্ত্রণালয় হতে জানানো হয়েছে।</td><td>সভায় উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং স্বপক্ষে যৌক্তিক বিষয়গুলো তুলে ধরতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
</table>



CamScanner

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **খ. ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড এর অর্গানোগ্রাম চূড়ান্তকরণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিদ্যমান জনবল কাঠামোতে ১৩টি কর্মকর্তা এবং ২৭টি কর্মচারির পদ রয়েছে। আধুনিক প্রযুক্তি নির্ভর উন্নত সেবা নিশ্চিত করে বিআরটি ব্যবস্থা পরিচালনায় উক্ত জনবল অপর্যাপ্ত হওয়ায়, ২৯তম পর্ষদ সভায় বিআরটি কোম্পানির জনবল কাঠামো ও বেতন ভাতাদিসহ অন্যান্য সংশ্লিষ্ট প্রবিধানমালা যুগোপযোগী করার নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক বিআরটি স্টেশন (২৫টি), টার্মিনাল (০২টি), বিআরটি বাস ডিপো (০১টি) এবং বিআরটি কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য প্রয়োজনীয় জনবলের চাহিদা নিরূপণ এবং নতুন জনবল কাঠামো তৈরীর লক্ষ্যে ৩০ নভেম্বর ২০২৪ তারিখে একজন চুক্তিভিত্তিক মানব সম্পদ স্পেশালিষ্ট নিয়োগ করা হয়েছে। বর্তমানে কার্যক্রম চলমান আছে। | পরামর্শক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত অর্গানোগ্রাম চূড়ান্ত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| | **গ. বিআরটি বাস ক্রয়:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান যে, বিআরটি বাস ক্রয়ে প্রক্রিয়াগত কোন ব্যত্যয় না হলেও ডিপিপিতে বাস ক্রয়ের নিমিত্ত যে অর্থের সংস্থান রয়েছে সে অর্থ দিয়ে আহ্বানকৃত দরপত্রের ১৩৭টি বাস কেনা যাবে না, বরং বাসের সংখ্যা ১১২/১১৩ তে নেমে আসবে। আবার ডিপিপি-তে বিদ্যমান প্যাকেজটির শিরোনাম বাসের প্রকৃতি ইলেকট্রিক হওয়ার দিকে ইঙ্গিত বহন করে। এমতাবস্থায় ডিপিপি সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়। সেই প্রেক্ষিতে ১৩৭টি বিআরটি বাস ক্রয়ের কার্যক্রম ও ডিপিপি'র সংস্থানকৃত প্যাকেজের সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে প্রযোজ্যক্ষেত্রে ডিপিপি সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) জানান, আগামী ২১.১২.২০২৪ তারিখে পরিকল্পনা কমিশন, আইএমইডি ও IUT এর প্রতিনিধিসহ সংশ্লিষ্টদের নিয়ে ডিপিপিটি পর্যালোচনা করা হবে। | বিআরটি'র জন্য ডিজেল ফুয়েল স্ট্যান্ডার্ড এসি বাস সংগ্রহের লক্ষ্যে বিদ্যমান ডিপিপি পর্যালোচনা করে সংশোধন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) |
| | **ঘ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান যে, বিআরটি (এয়ারপোর্ট-গাজীপুর) রুটে অন্তবর্তী সময়ে বিআরটিসি'র বাস চলাচল বিষয়ে ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। তবে ঢাকা বিআরটি কর্তৃক ক্রয়কৃত বাস বিআরটিসি দ্বারা পরিচালনা বিষয়ে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়নি। বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | ঢাকা বিআরটি কর্তৃক ক্রয়কৃত বাস বিআরটিসি দ্বারা পরিচালনা বিষয়ে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| | **ঙ. বিআরটি লেনে বাস চলাচল চালুকরণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান যে, বিআরটি লেনে বিআরটিসি-এর বাস চলাচল শুরু হয়েছে। সুষ্ঠুভাবে বাস চলাচল সম্পন্নের জন্য ঢাকা বিআরটি বিআরটিসিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করছে। সুষ্ঠু ও সুন্দরভাবে বাস চলাচল শুরু করতে পারায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। এজেন্ডাটি বাস্তবায়িত হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা-বিআরটি)/প্রকল্প পরিচালক (ঢাকা বিআরটি) |
| ১০ | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grievence Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, নভেম্বর ২০২৪ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ২৮টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ০৩টি সহ মোট ৩১ অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত অভিযোগ/মতামতগুলো নিষ্পত্তির সময় এখনও অতিক্রান্ত হয়নি। অভিযোগের বিষয়ে উপসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, অনেক অভিযোগ বিভিন্ন পত্রপত্রিকা ও ব্যক্তি/প্রতিষ্ঠান সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর ও উপদেষ্টা মহোদয়ের দপ্তরে বা জিআরএস সিস্টেমে পাঠান। অনেক অভিযোগ তদন্ত ও শৃঙ্খলা শাখা বা সংশ্লিষ্ট শাখা বা জিআরএস সিস্টেমে কার্যক্রম গ্রহণ করা হয়। বিভিন্ন শাখা বা জিআরএস সিস্টেমে অভিযোগের বিষয়ে গৃহীত কার্যক্রম তদন্ত ও শৃঙ্খলা শাখাকে অবহিত করা প্রয়োজন মর্মে উপসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। | (১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ অনুসরণে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ গুরুত্বের সাথে নিষ্পত্তি করতে হবে। সকল অভিযোগ আমলে নিয়ে এ বিষয়ে সুনির্দিষ্ট জবাব প্রদান করতে হবে।<br>(২) বিভিন্ন শাখা ও জিআরএস সিস্টেম অভিযোগের বিষয়ে গৃহীত কার্যক্রম অনুলিপির মাধ্যমে তদন্ত ও শৃঙ্খলা শাখাকে অবহিত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/উপসচিব (প্রশাসন) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **খ. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)**<br>এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, এপিএ বাস্তবায়ন কার্যক্রম মন্থর গতিতে আগাচ্ছে, তবে এর কার্যক্রম ত্বরান্বিত করা প্রয়োজন। ২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য সভাপতি দপ্তর/সংস্থা প্রধানসহ এ বিভাগের সকল কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। নিয়মিত বাস্তবায়ন কার্যক্রম ফলোআপ, সভা এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য এপিএ টিম লিডার, ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় পরামর্শ প্রদান করা হয়। | (১) ২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী দপ্তর/সংস্থা ও এ বিভাগের এপিএ বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>(২) নিয়মিত বাস্তবায়ন কার্যক্রম ফলোআপ, সভা এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান এপিএ টিম লিডার, আরটিএইচডি/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **গ. Public Service Innovation:**<br>(১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং) জানান যে, কক্সবাজার মেরিন ড্রাইভ রক্ষাকল্পে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Oceanography Department কর্তৃক প্রকল্পটি পরিদর্শন করা হয়েছে। কিন্তু তাদের উদ্ভাবনী ধারণা বিষয়ে পরিদর্শন প্রতিবেদন এখনও অফিসিয়ালি পাওয়া যায়নি। প্রতিবেদন পাওয়া গেলেই এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>(২) টোল আদায়ে ইজারা পদ্ধতির পরিবর্তে আইটি বেইজ সিস্টেমে বিভাগীয় পদ্ধতিতে টোল আদায় করার বিষয়ে উদ্ভাবনী ধারণার সৃষ্টি করা যেতে পারে মর্মে জনাব মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব সভাকে অবহিত করেন।<br>(৩) সাসেক-২ প্রকল্পে অন্তর্ভুক্ত ITS বাস্তবায়নের অগ্রগতি কি তা যাচাই করে দেখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) কক্সবাজার মেরিন ড্রাইভ রক্ষাকল্পে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২) টোল আদায়ে ইজারা পদ্ধতির পরিবর্তে আইটি বেইজড সিস্টেমে বিভাগীয় পদ্ধতিতে টোল আদায়ের ধারণাটি পর্যালোচনা করে দেখতে হবে।<br>(৩) সাসেক-২ প্রকল্পে অন্তর্ভুক্ত ITS বাস্তবায়নের অগ্রগতি কি তা যাচাই করে দেখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব/চীফ ইনোভেশন অফিসার/ এবং ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা |
| | **ঘ. টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বাস্তবায়ন:**<br>সিনিয়র সহকারী (পরিকল্পনা ও পরিসংখ্যান) জানান যে, ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এসডিজি বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রস্তুত প্রক্রিয়াধীন। | সভার কার্যবিবরণী দ্রুত উপস্থাপন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/পরিকল্পনা (উইং)/এসডিজি বিষয়ক কর্মকর্তা |
| | **ঙ. ই-নথি/ডি-নথি বাস্তবায়ন কার্যক্রম:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন যে, ডি-নথি কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। ডি-নথি বিষয়ে সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, ডি-নথি সিস্টেম Slow থাকায় নথি প্রক্রিয়ায় সমস্যা হচ্ছে। বিষয়টি নিয়ে এটুআই'র সাথে যোগাযোগ করার জন্য সভাপতি সিনিয়র সিস্টেম এনালিস্টকে নির্দেশনা প্রদান করেন। | ডি-নথি সিস্টেম Slow থাকার বিষয়ে এটুআই'র সাথে যোগাযোগ করতে হবে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | **বিবিধ**<br>**ক. উপদেষ্টা পরিষদ/মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>উপসচিব (সম: ও প্রশি:) জানান যে, উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের মধ্যে ৪টি সিদ্ধান্ত অবাস্তবায়িত রয়েছে। এর মধ্যে ৩টি আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত যা কানেক্টিভিটি শাখায় প্রক্রিয়াধীন। অপর ১টি BOOT ভিত্তিতে Construction of 2nd Dhaka-Chittagong National Highway প্রকল্প বেসরকারি অবকাঠামো প্রকল্প হিসেবে তালিকাভুক্তির প্রস্তাব অনুমোদন সংক্রান্ত যা বাতিলের বিষয়ে সারসংক্ষেপ গত ৩১.০১.২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, আন্তর্জাতিক সংক্রান্ত ১টি সিদ্ধান্ত বাতিলের বিষয়ে সারসংক্ষেপ উপদেষ্টা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান। | গুরুত্ব বিবেচনা করে উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট উইং/শাখা হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত ১টি সিদ্ধান্ত বাতিলের বিষয়ে কানেক্টিভিটি শাখা হতে সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ যুগ্মসচিব (কানেক্টিভিটি) উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, এ বিভাগ ও দপ্তর/সংস্থায় ২০২৪-২৫ অর্থবছরের ইন্টার্নশিপ চালুর কার্যক্রম চলমান। ইতোমধ্যে সওজ অধিদপ্তর, ডিএমটিসিএল, বিআরটিসি হতে ইন্টার্ন নিয়োগের লক্ষ্যে মনোনীতদের তালিকা পাওয়া গিয়েছে। ডিটিসিএ ও বিআরটিএ হতে আগামী ২ দিনের মধ্যে তালিকা প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, এ বিভাগের ১ জন ইন্টার্ন নিয়োগের যাচাই-বাছাই কার্যক্রম দ্রুত শেষ করে নিয়োগ দেওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | (১) দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তালিকা নিয়োগের জন্য দ্রুত অনুমোদন দিতে হবে।<br>(২) ডিটিসিএ ও বিআরটিএ হতে ২ দিনের মধ্যে মনোনীতদের তালিকা প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ)/জনাব আসফিয়া সুলতানা, উপসচিব |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | (৩) এ বিভাগের ১ জন ইন্টার্ন নিয়োগের যাচাই-বাছাই কার্যক্রম দ্রুত শেষ করে নিয়োগ দিতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **গ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:** উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) জানান, এ বিভাগ ও দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। প্রতি মাসে আয়োজিত প্রশিক্ষণের তথ্য প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখতে হবে এবং প্রতি মাসের প্রশিক্ষণের তথ্য প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **ঘ. সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:** উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী সংশোধিত সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা ২০ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে এবং RMS-এ আপলোড দিতে হবে। দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত সংস্কার পরিকল্পনার আলোকে কমিটি কর্তৃক একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। পুনরায় যাচাই-বাছাইয়ের জন্য ঘটিকায় কমিটির সভা আহবান করা হয়েছে। দ্রুত চূড়ান্ত করে নির্ধারিত সময়ের মধ্যে সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী এ বিভাগের সংস্কার পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল) চেয়ারম্যান (বিআরটিসি) বিআরটিএ) নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল/ঢাকা বিআরটি)/ মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |

০৩) আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথা দ্রুত সম্ভব বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত
২০-০১-২০২৫
মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২২ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্মারক নম্বর-৩৫.০০.০০০০.০২৬.০৬.০০১.২৩-০৭

তারিখঃ ০৬ মাঘ ১৪৩১
২০ জানুয়ারি ২০২৫

বিতরণঃ **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২ সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪.চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা

CS CamScanner

১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

20.07.2024

নীলিমা আফরোজ
উপসচিব
ফোন: ২২৩৩৮০৯৬৬
Email: dstraco@rthd.gov.bd

CamScanner